ভোরের কাগজ

তারিখ ... SEP 12 1989 ...
পৃষ্ঠা ১০ · কলাম ১ ......

20

# মেলার নতুন পন্য এবং আকর্ষণ

**বিআইএএসএল প্রতিবেদন :** ভিন্ন মেজাজে শুরু হয়েছে এবারের মেলা। পনেরো দিনের এই মেলার প্রথমদিনে দর্শক এবং অংশগ্রহণকারী সব প্রতিষ্ঠান সবাই ছিলো হালকা মেজাজে। অনেকেই স্টলের সাজসজ্জা এবং পণ্য প্রদর্শন সম্পূর্ণ করতে পারেনি। আশা করা যাচ্ছে আগামীকালের মধ্যে সবাই তাদের পণ্যের সমাহার উপস্থাপন করতে পারবে। বিভিন্ন ধরণের পিসির পাশাপাশি বেশ কিছু নতুন ধরণের কম্পিউটার যন্ত্রাংশ মেলায় প্রদর্শিত হচ্ছে। আর্কষণীয় ডিজাইনের মাউস, কী-বোর্ড এবং সাউন্ডবক্স মেলার বেশ কিছু স্টলে দেখা গেছে। আকর্ষণীয় ডিজাইনের কেসিং-এ পিসি প্রদর্শিত হচ্ছে। প্রথমদিনে পিসির মূল্য-প্রতিযোগিতা শুরু না হলেও বিভিন্ন কোম্পানি তাদের সেরা মূল্যটি দিতে শুরু করেছে।

**ডেফোডিল কম্পিউটারস** তার ডেফোডিল পিসিতে একটি নতুন ধরণের ফিচার সংযোজন করে মেলায় প্রদর্শন করছে। উল্লেখ্য, ডেফোডিল কম্পিউটারস ডেফোডিল পিসি নামের একটি বাংলাদেশী ব্রান্ড কম্পিউটার এ বছর বাজারজাত শুরু করেছে। ডেফোডিল পিসির নতুন ফিচারটি হচ্ছে : কম্পিউটারের সাথে একটি বিল্ট-ইন ইউপিএস। অর্থাৎ ডেফোডিল পিসির পাওয়ার সাপ্লাই সিস্টেমের সাথে একটি ইউপিএস সন্নিবেশিত থাকবে। ইউপিএসটি হবে প্রকৃত অনলাইনে। বিদ্যুৎ চলে যাওয়ার সাথে সাথে ইউপিএসটি ১০ মিনিট কম্পিউটারটিকে চালাতে পারবে এবং ইউপিএসটি আর কতো মিনিট ব্যাক-আপ দিতে পারবে তা সবসময় মনিটরে দেখা যাবে। ইউপিএস সমৃদ্ধ পাওয়ার সাপ্লাই ডিভাইসটি যুক্তরাষ্ট্রে বেশ জনপ্রিয়তা লাভ করেছে। এ ধরণের ডিভাইস নেটওয়ার্কের সার্ভারে ব্যবহার করা যেতে পারে। সার্ভারে ব্যবহৃত ডিভাইসটি সার্ভারে কোনো ধরণের বৈদ্যুতিক সমস্যা হলে সাথে সাথে নেটওয়ার্কের কম্পিউটারগুলোতে সতর্কবাণী দিয়ে দেয়। এই ডিভাইসটি বিদ্যুৎ বিভ্রাটের ফলে কম্পিউটারের ডাটা হারিয়ে যাওয়া রোধের পাশাপাশি হার্ডডিস্ককে ভালো রাখার জন্য বেশ কার্যকর হবে বলে ডেফোডিল কম্পিউটারস জানিয়েছে। এই ডিভাইস সম্পন্ন কম্পিউটারের দাম প্রচলিত কম্পিউটারের দামের চেয়ে ৮ থেকে ১০ হাজার টাকা বেশী পড়বে।

হার্ডডিস্কের ডাটা রক্ষার জন্য একটি হার্ডডিস্ক প্রোটেকশন কার্ড বাংলাদেশে প্রথমবারের মতো এবারের মেলায় প্রদর্শিত হচ্ছে। কম্পিউটারের হার্ডডিস্ককে বিভিন্ন বিপর্যয় থেকে রক্ষার জন্য আমেরিকান কোম্পানির কোরিয়ার ফ্যাক্টরী থেকে উৎপাদিত এইচডিডি শেরিফ নামের এই হার্ডওয়্যার প্রটেকশন কার্ডটির বাংলাদেশে একমাত্র ডিস্ট্রিবিউটর হচ্ছে জেসিএস করপোরেশন। মেলায় সিডিএস-আইটি এবং ইপসিতার স্টলে এই কার্ডটি পাওয়া যাবে। এইচডিডি শেরিফ হার্ডডিস্ক প্রটেকশন কার্ডটি সারাবিশ্বে ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে নেটওয়ার্ক কম্পিউটারগুলোতে। এই কার্ডটিতে একটি বায়োস রয়েছে এবং এই কার্ডটি একটি প্রোগ্রামের সাহায্যে হার্ডডিস্কের কিছু নির্দিষ্ট জায়গায় প্রয়োজনীয় ডাটা ব্যাক-আপ নিয়ে থাকে এবং তা এনক্রিপটেড অবস্থায় থাকে। ফলে এই ব্যাক-আপে কেউ প্রবেশ করতে পারে না। যখন কোনো ভাইরাসের আক্রমণ অথবা ব্যবহারকারীর ভুলজনিত কারণ হার্ডডিস্কের ডাটা নষ্ট হয়ে যায়, তখন কম্পিউটার রিবুট করলে এই কার্ডটি তার ব্যাকআপ থেকে প্রয়োজনীয় ডাটা হার্ডডিস্কে পুর্নস্থাপন করে হার্ডড্রাইভকে সচল করে থাকে। এখন পর্যন্ত ভাইরাস যে সব পদ্ধতিতে হার্ডড্রাইভের ডাটা মুছে তার প্রতিরোধের ব্যবস্থা এই কার্ডটিতে রয়েছে। যেমন : এই কার্ড সম্পন্ন কম্পিউটারে সিআইএইচ ভাইরাস ডাটা মুছতে পারবে না। এই কার্ডটি নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ এবং ট্রেনিং সেন্টারের কম্পিউটার রক্ষণাবেক্ষণে অত্যন্ত কার্যকর। এ ছাড়া সাধারণ ব্যবহারের জন্যও, এটি বেশ কার্যকর। এবারের মেলায় কার্ডটি ৩ হাজার টাকায় বাজারে ছাড়া হবে বলে কোম্পানিটি জানিয়েছে।

আজ থেকে মেলায় **হাইটেক প্রফেশনালস** সফটওয়্যার তৈরির জন্য বিনামূল্যে পরামর্শ দেয়ার ব্যবস্থা নিয়েছে। একজন সফটওয়্যার বিশেষজ্ঞ সব সময় হাইটেকের স্টলে থাকছেন। যারা সফটওয়্যার তৈরি করছেন অথবা তৈরি করার চেষ্টা করছেন তারা হাইটেকের বিশেষজ্ঞদের সাথে আলোচনা করতে পারবেন।

মেলায় একটি আকর্ষণীয় এলসিডি মনিটর প্রদর্শিত হচ্ছে। এর দাম সাধারণ মনিটরের চেয়ে অনেক বেশী। এ ছাড়া আকর্ষণীয় ডিজাইনের প্রিন্টারও মেলায় প্রদর্শিত হচ্ছে। আইম্যাকে ট্রান্সলুসেন্ট মেটেরিয়েল দিয়ে আংশিকভাবে ডিজাইন করা এইচপির কিছু প্রিন্টার অনেকেরই দৃষ্টি আকর্ষণ করেছে।

বিভিন্ন ধরণের কম্পিউটার গেমের সিডি এবং এমপি-থ্রি গানের সিডিও এবারের মেলায় দেখা গেছে। বিভিন্ন প্রতিষ্ঠান এবার মেলায় বিভিন্ন পণ্য কেনার জন্য ক্রেতাদের লোভনীয় উপহার দিচ্ছে এবং অনেকে লটারিরও ব্যবস্থা করেছে। কম্পিউটার পত্রিকাগুলো কুইজ প্রতিযোগিতা এবং জরিপের আয়োজন করেছে এবং এর বিপরীতে বিভিন্ন পুরস্কারের ঘোষণা দিয়েছে। আগামীকাল এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন প্রকাশ করা হবে।